# Briefing on COVID-19 related issues for Heads of Diplomatic Missions and International Organizations in New Delhi

November 06, 2020

## নিউ দিল্লিতে কূটনৈতিক দূতাবাস এবং আন্তর্জাতিক সংগঠনগুলির প্রধানদের জন্য কোভিড-19 সম্পর্কিত বিষয়ের উপরে বিবরণী প্রদান অধিবেশন

নভেম্বর 06, 2020

1. বিদেশ মন্ত্রক, নভেম্বর 06, 2020 তারিখে নিউ দিল্লিতে কূটনৈতিক দূতাবাস এবং আন্তর্জাতিক সংগঠনগুলির প্রধানদের জন্য কোভিড-19 সম্পর্কিত বিষয়ের উপরে বিবরণী প্রদান অধিবেশনের আয়োজন করেছে।এই অধিবেশনে 190 টিরও বেশি কূটনৈতিক দূতাবাস এবং আন্তর্জাতিক সংগঠনগুলির প্রধান এবং তাদের প্রতিনিধিরা অংশগ্রহণ করেছেন।

2. মার্চ 2020 থেকে কোভিড-19-এর বিরুদ্ধে আমাদের লড়াইয়ে, ওষুধ, রোগ নির্ণায়ক সরঞ্জাম,এবং চিকিৎসা সরঞ্জাম সরবরাহ এবং সেইসাথে রোগ পরীক্ষা ও পরিচালনের ক্ষেত্রে অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমের আয়োজনের দ্বারা ভারত তার শরীক দেশগুলির সাথে অতিসক্রিয়ভাবে নিয়োজিত রয়েছে। প্রতিষেধক আবিষ্কারের কার্যক্রমের অগ্রগতির সাথে ভারত প্রতিবেশী দেশগুলির জন্য ক্লিনিক্যাল ট্রায়ালের উপরে প্রশিক্ষণ কার্যক্রমের আয়োজন করেছে, যেখানে ৪ টি দেশের 90 জন বিশেষজ্ঞ অংশগ্রহণ করেছেন। প্রতিবেশী এবং অন্যান্য আগ্রহী দেশগুলির সাথে আমাদের এই সহযোগী কার্যক্রমকে প্রসারিত করতে আমরা প্রস্তুত আছি।

3. আজকের এই অধিবেশনে, বিবরণী পাঠে অংশগ্রহণ করেছিলেন, ড. বিনোদ কুমার পাল, সদস্য, ভারত সরকার; স্বাস্থ্য সচিব শ্রী রাজেশ ভূষণ, জৈবপ্রযুক্তি বিভাগের সচিব, ড. রেনু স্বরূপ; বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব অধ্যাপক আশুতোষ শর্মা; বৈজ্ঞানিক ও প্রাযুক্তিক গবেষণা পরিষদের মহা নির্দেশক ড. শেখর মান্ডে; এবং বৈদ্যুতিন এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রকের ই-গভর্নেন্সে বিভাগের সভাপতি ও সিইও শ্রী অভিষেক সিংহ। বিদেশ সচিব শ্রী হর্ষবর্ধন শৃঙ্গলাও অধিবেশনে উপস্থিত ছিলেন।

4. ভারতের কোভিড -19 পরিচালন ব্যবস্থা, প্রতিষেধক বিকাশ কার্যক্রম, প্রতিষেধক সরবরাহ পদ্ধতি সম্পর্কিত বিষয় ও সফট ওয়্যার এবং আন্তর্জাতিক সহযোগিতার বিবরণী অংশগ্রহণকারীদের প্রদান করা হয়েছে। জানানো হয়েছে যে, পুনেতে কোভিড -19 সংক্রান্ত গবেষণা এবং প্রতিষেধক বিকাশে নিয়োজিত প্রতিষ্ঠানকে পরিদর্শন করতে পারার জন্য বিদেশ মন্ত্রী, কূটনৈতিক দূতাবাস এবং আন্তর্জাতিক সংগঠনগুলির প্রধানদের নিয়ে পুনে সফরের একটি আয়োজন করবেন ।

নিউ দিল্লি
নভেম্বর 06, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.